বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

মতিঝিল,ঢাকা-১০০০

বাংলাদেশ

ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

(প্রাইজবন্ড, সঞ্চয়পত্র ও সঞ্চয়বন্ড শাখা)

সার্কুলার নং-ডিএমডি- ০২/২০১৮ **তারিখ: ২৯-০১-২০১৮ ইং**

নির্বাহী পরিচালক/মহাব্যবস্থাপক
বাংলাদেশ ব্যাংক
মতিঝিল,ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/বগুড়া/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ/সদরঘাট,ঢাকা।

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশের সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

সঞ্চয়পত্র ক্রয় ফরম ওয়েব সাইট থেকে ডাউনলোড করে সঞ্চয়পত্র ক্রয়ে ব্যবহার প্রসঙ্গে।

শীর্ষক বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, সঞ্চয় শাখার ১৬-০১-২০১৮ তারিখের ০৮.০০.০০০০.০৪১.১৪.০১১.৯৭.১১ নং পত্র এবং জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা'র ১৮-০১-২০১৮ তারিখের ০৮.০৪.০০০০.০১২.২২.০১৩.১৪-১৭৩ নং পত্রের সূত্রে অবহিত করা যাচ্ছে যে, জাতীয় সঞ্চয় অধিদপ্তরের বিভিন্ন সঞ্চয়পত্র ক্রয় ফরম ওয়েব সাইট হতে ডাউনলোড করে সেবা গ্রহীতা/জনসাধারণকে ব্যবহার করার জন্য প্রশাসনিক অনুমোদন জ্ঞাপন করা হয়েছে।

২। উক্ত অনুমোদন অনুযায়ী এখন হতে সকল সঞ্চয়পত্রের ক্রয় ফরম বাংলাদেশ ব্যাংকের (www.bb.org.bd) এবং জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা'র (www.nationalsavings.gov.bd) ওয়েব সাইট হতে ডাউনলোড করে সঞ্চয়পত্রের গ্রাহক/ক্রেতাগণ ব্যবহার করতে পারবেন।

৩। গ্রাহকদের ফরম প্রাপ্তির সুবিধার্থে বাংলাদেশ ব্যাংক এবং জাতীয় সঞ্চয় অধিদপ্তরের বর্ণিত ওয়েবসাইট সকল তফসিলি ব্যাংক তাদের নিজস্ব ওয়েবসাইটের সাথে লিংক অথবা তাদের নিজস্ব ওয়েবসাইটে সঞ্চয়পত্র সংক্রান্ত সকল ফরম আপলোড করবে।

৪। বর্ণিত বিষয়টি প্রয়োজনীয় কার্যার্থে বাংলাদেশ ব্যাংকের সকল অফিস তাদের সংশ্লিষ্ট বিভাগ এবং সকল তফসিলি ব্যাংক তাদের আওতাধীন সকল শাখা অফিসকে অবহিত করবে ।

আপনাদের বিশ্বস্ত,

(পরিমল চন্দ্র চক্রবর্ত্তী)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০১৩১
ই-মেইলঃ
parimal.chakraborty@bb.org.bd